# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (৮২) কুরআনকে আঁকড়ে ধরা এবং তার হক আদায় করার অর্থ কী?

উত্তরঃ আল্লাহর কিতাবকে মজবুতভাবে ধারণ করার অর্থ হল, তা মুখস্থ করা, দিন রাত তা তেলাওয়াত করা, কুরআনের আয়াতগুলো নিয়ে গবেষণা করা, তার হালালকৃত বিষয়কে হালাল মনে করা, হারামকে হারাম মনে করা, তার হুকুমগুলো বাস্তবায়ন করা, তার ধমকিপূর্ণ কথাগুলো ভয় করা, তার উপমা ও দৃষ্টান্তগুলো থেকে শিক্ষাগ্রহণ করা, তার ঘটনাবলী থেকে উপদেশ গ্রহণ করা, কুরআনের মুহকাম (সুস্পষ্ট) আয়াতগুলো অনুযায়ী আমল করা, মুতাশাবেহ তথা অস্পষ্ট আয়াতগুলোতে বিশ্বাস স্থাপন করা, তার নির্ধারিত সীমা অতিক্রম না করা, অতিরঞ্জিতকারীদের বিকৃতি ও কুরআন দ্বারা বাতিলপন্থীদের ব্যবসা প্রতিহত করা, কুরআনের সমস্ত বিষয় বাস্তবায়ন করা এবং সজ্ঞানে কুরআনের দিকে মানুষকে দাওয়াত দেয়া ইত্যাদি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11896

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন